

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১৮

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কোন মুসলিম ভাইয়ের দোষ গোপন করবে, মহান আল্লাহ তাকে জীবন্ত প্রোথিত শিশুকে বাঁচানোর সাওয়াব দান করবেন

ذَكَرُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا مَنْ سَتَرَ عَوْرَةَ أَخِيهِ الْمُسْلِمِ أَجَرَ مَوْوُودَةَ لَوْ اسْتَحْيَاهَا فِي قَبْرِهَا

আরবী

أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ نَشِيطٍ الْوَعْلَانِيُّ عَنْ كَعْبِ بْنِ عُلْقَمَةَ عَنْ دُخَيْنِ أَبِي الْهَيْثَمِ كَاتِبِ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: قُلْتُ لِعُقْبَةَ بْنِ عَامِرٍ: إِنَّ لَنَا جِيرَانًا يَشْرِبُونَ الْخَمْرَ وَأَنَا دَاعِ الشَّرْطِ لِيَأْخُذُوهُمْ فَقَالَ عُقْبَةُ: وَيْحَكَ لَا تَفْعَلْ وَلَكِنْ عِظْهُمْ وَهَدِّدْهُمْ قَالَ: إِنِّي نَهَيْتُهُمْ فَلَمْ يَنْتَهُوا وَإِنِّي دَاعِ الشَّرْطِ لِيَأْخُذُوهُمْ فَقَالَ عُقْبَةُ: وَيْحَكَ لَا تَفْعَلْ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ سَتَرَ عَوْرَةَ مُؤْمِنٍ فَكَأَنَّمَا اسْتَحْيَاهَا مَوْوُودَةَ فِي قَبْرِهَا).
الراوي : دُخَيْنِ أَبُو الْهَيْثَمِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :
التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 518 | خلاصة حكم المحدث: ضعيف مضطرب الإسناد -
((الضعيفة)) (1265)، والمرفوع ثابت دون قوله: ((في قبرها)) - ((الضعيفة))
(2808).

বাংলা

৫১৮. ‘উকবাহ বিন ‘আমির রাদিয়াল্লাহু ‘আনহু লেখক দুখাইন আবুল হাইসাম রহিমাহুল্লাহ বলেন, আমি ‘উকবাহ বিন ‘আমির রাদিয়াল্লাহু ‘আনহুকে বললাম: “আমাদের কিছু প্রতিবেশী আছে, যারা মদ পান করে, আমি তাদেরকে গ্রেফতার করার জন্য পুলিশ ডাকতে চাই।” ‘উকবাহ বিন ‘আমির রাদিয়াল্লাহু ‘আনহু বলেন: “তোমার দুর্ভোগ হোক! তুমি এমনটা করো না। বরং তুমি তাদেরকে উপদেশ দাও, তাদেরকে ভয় দেখাও।” তিনি বলেন: “আমি তাদেরকে নিষেধ করেছি, কিন্তু তারা বিরত থাকেনি। এজন্য আমি তাদেরকে গ্রেফতার করার জন্য পুলিশ ডাকতে চাচ্ছি।” ‘উকবাহ বিন ‘আমির রাদিয়াল্লাহু ‘আনহু বলেন: “তোমার দুর্ভোগ হোক! তুমি এমনটা করো না। কেননা

আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: “যে ব্যক্তি কোন মু‘মিন ব্যক্তির দোষ গোপন রাখে, সে যেন কবরে জীবন্ত প্রোথিত কোন শিশুকে জীবিত করলো।”[1]

ফুটনোট

[1] আদাবুল মুফরাদ: ৭৫৮; আত তায়ালিসী: ১০০৫; আবু দাউদ: ৪৮৯১; নাসাঈ আল কুবরা: ৭/৩০৭; সুনান বাইহাকী: ৮/৩৩১; হাকিম: ৪/৩৮৪; মুসনাদ আহমাদ: ৪/১৫৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সানাদে গোলমাল রয়েছে বলে যঈফ আখ্যা দিয়েছেন। “কবরে” এই অংশ বাদে মারফু‘ অংশটুকু সহীহ। (আয যঈফাহ: ১২৬৫, ২৮০৮।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88982>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন